



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন : ০৭২১-৮৬২৪৪৫
ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৪৫
ওয়েবসাইট : www.rakub.org.bd
ই-মেইল : dgmpd@rakub.org.bd

প্রধান কার্যালয়, রাজশাহী কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৫/২০১৭

তারিখ : ২৫-০৪-২০১৭

বিষয় : ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীগণের জন্য 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-৩ অধিশাখা কর্তৃক ১৯-০৪-২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৬৬.১৬-৪০ নম্বর প্রজ্ঞাপন অপর পৃষ্ঠায় পুনঃমুদ্রন করা হলো।

০২। উক্ত প্রজ্ঞাপনে ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীগণের জন্য "বাংলা নববর্ষ ভাতা" প্রবর্তনের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছে :

(১) ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীগণ পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ নীট পেনশন প্রাপ্ত হতেন তার ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন ; এবং

(২) ১৪২৪ বঙ্গাব্দ থেকে তারা এ ভাতা প্রাপ্য হবেন।

০৩। অর্থ মন্ত্রণালয়ের বর্ণিত প্রজ্ঞাপনের নির্দেশনা অনুযায়ী রাকাবের ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীগণ উল্লিখিত হারে ১৪২৪ বঙ্গাব্দ হতে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন। ব্যাংকের হিসাব খাতে পরিচালিত অন্যান্য সম্পদ খাত কোড ১৩ এর অধীনে ১৩৩ খরচ খাতের ১৩৩/১৪-এ 'বাংলা নববর্ষ ভাতা' উপ-খাত বিকলন (ডেবিট) করে এ ভাতা প্রদান করতে হবে এবং কোন অবস্থাতেই এ অংক প্রধান কার্যালয়ের হিসাবে বিকলন (ডেবিট) করা যাবে না।

অনুমোদনক্রমে-

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

প্রকা/কব্যবি-৭/২০১৬-২০১৭/ ৬০৪৬ (৪৪৭)

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ১০। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

(রাজিৎ কুমার সৈন) ৫/১৭
সহকারী মহাব্যবস্থাপক